দৈনিক
ইত্তেফাক

তারিখ 11 AUG 2016
পৃষ্ঠা ৬ কলাম ১

# স্কুল-কলেজ জাতীয়করণ প্রসঙ্গে

সরকারি স্কুল-কলেজবিহীন উপজেলায় একটি কলেজ ও একটি মাধ্যমিক বিদ্যালয় জাতীয়করণের সিদ্ধান্ত হয়েছে। কিন্তু জাতীয়করণের তালিকায় অনেক মডেল মাধ্যমিক বিদ্যালয় অন্তর্ভুক্ত হয়নি। ফলে সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের মধ্যে হতাশা বিরাজ করছে। প্রসঙ্গত, দেশের সকল এলাকায় মানসম্পন্ন শিক্ষা নিশ্চিতকরণের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণে ২০০৮ থেকে ২০১৩ সাল পর্যন্ত বিভিন্নভাবে যাচাই-বাছাই অর্থাৎ পরীক্ষার ফলাফল, শিক্ষার্থী সংখ্যা, ভৌত অবকাঠামো ইত্যাদির মানদণ্ডে উপজেলা সদরের শ্রেষ্ঠ মাধ্যমিক বিদ্যালয়টিকে মডেল হিসেবে ঘোষণা করা হয়। তারপর এসব শিক্ষাপ্রতিষ্ঠানের জন্য, অত্যাধুনিক তিনতলা ভবন নির্মাণ, ফার্নিচার, আইসিটি সামগ্রী ও মাল্টিমিডিয়া রুমসহ আনুষ্ঠানিক খরচ তিন কোটি টাকার অধিক। তাই সমস্ত মডেল শিক্ষাপ্রতিষ্ঠান জাতীয়করণ করা হলে ভৌত অবকাঠামো নির্মাণ বাবদ সরকারের এক হাজার কোটি টাকার বেশি সাশ্রয় হওয়াসহ ন্যায়বিচারও নিশ্চিত হবে। পরিশেষে জাতীয়করণের পরবর্তী তালিকা প্রণয়নের সময় বিষয়টির প্রতি লক্ষ্য রাখতে সরকারের প্রতি বিনীত অনুরোধ জানাচ্ছি।

**মো. জাকারিয়া হোসেন**
সহকারী অধ্যাপক, ইন্দুরকানী কলেজ,
জিয়ানগর, পিরোজপুর